

অতি জরুরী  
ফ্যাক্স/বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-০৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০০১.২০১৬.১১৬


তারিখঃ ১০.০৫.২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে জেলা সদর/জেনারেল হাসপাতাল এর অনুকূলে ব্যয় মঞ্জুরী প্রদান।

সূত্র নং- ৪৫.১৫৫.০৫৬.০০.০০.০১৪.২০১৫.৬৯০, তারিখঃ ০১.১২.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমে ২০১৫-১৬ অর্থ বছরে জেলা সদর/জেনারেল হাসপাতাল এর অনুকূলে স্মারক নং-৬৯০, তারিখঃ ০১.১২.২০১৫ মোতাবেক ব্যয় মঞ্জুরীর প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয় এবং অব্যয়িত অর্থ ৩১.০৫.২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের হাসপাতাল-২ অধিশাখায় সমর্পণ করার জন্য বলা হয়। কিন্তু দেখা যাচ্ছে যে, জেলা সদর/জেনারেল হাসপাতাল হতে যথাসময়ে প্রস্তাব পাওয়া যাচ্ছে না। এতে যথাসময়ে ব্যয় মঞ্জুরীর কার্যক্রম সম্পাদন করা সম্ভব হচ্ছে না। তাছাড়া প্রস্তাবের সাথে সংযোজিত কাগজপত্র মন্ত্রণালয়ের বিভাজনের আলোকে প্রেরণ করা হচ্ছে না।

এমতাবস্থায়, ২০১৫-১৬ অর্থ বছরে জেলা সদর/জেনারেল হাসপাতাল এর অনুকূলে স্মারক নং-৬৯০, তারিখঃ ০১.১২.২০১৫ মোতাবেক জারীকৃত বিভাজনের আলোকে আগামী ২০.০৫.২০১৬ তারিখের মধ্যে সকল কাগজপত্র যথাযথভাবে যাচাই বাছাই ও সত্যায়িত করে ব্যয় মঞ্জুরীর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(এস এম জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯১৯২

সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/পরিচালক (সকল)  
সদর হাসপাতাল/জেনারেল হাসপাতাল.....।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সিষ্টেম এনালিস্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মন্ত্রণালয়।
- ২। অতিঃ সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।